

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.৩২.০২০.২৪ নথির বিষয়: Procurement of Crockeries item for Divisional use of Store Division.
নোট: ১ নোটের বিষয়: Procurement of Crockeries item for Divisional use of Store Division.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৪/২৪ ৩:০৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্বা ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, মডস জোন, রাজস্ব জোন/ বিভাগের সমস্ত মালামাল অত্র ভান্ডার বিভাগে জমা করা হয় এবং ভান্ডার বিভাগ কর্তৃক সকল মালামাল মজুত, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। ভান্ডার বিভাগ পাগলায় অবস্থিত, যা ঢাকা শহর থেকে প্রায় ৮/১০ কিলোমিটার দূরে জনশূন্য এলাকায় অবস্থিত। অত্র অফিসের কর্মকর্তা-কর্মচারীরা কোন রকম খাওয়া-দাওয়া করতে হলে ২/৩ কিলোমিটার দূরে যেতে হয়। প্রায় সময়ই ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প/ জোন/ বিভাগের মালামাল পরিদর্শনে উর্ধ্বতন কর্মকর্তা এবং বিদেশীরা এসে থাকেন। আগত উর্ধ্বতন কর্মকর্তা এবং বিদেশীদের মান সম্মতভাবে আপ্যায়ন করতে হয়। এলাকাটি শহর থেকে দূরে বিধায় মেহমানদের আপ্যায়ন করানো ভান্ডার বিভাগের পক্ষে দুরূহ হয়ে পড়ে। তাই বিভিন্ন দিক বিবেচনা করে বর্তমানে ভান্ডার বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ নিজস্ব খরচে দুপুরের খাবার অফিসে গ্রহন করে থাকে এবং মেহমান ও পরিদর্শন টীম আসলে তাদেরকেও আপ্যায়নের ব্যবস্থা করা হয়ে থাকে। ২/৩ বছর পূর্বে কিছু ফ্রোকারিজ আইটেম ক্রয় করা হয়েছিল, যা বর্তমানে ব্যবহার অনুপযোগী হয়ে গেছে। তৎপ্রেক্ষিতে অত্র অফিসে ব্যবহারের জন্য কিছু ফ্রোকারিজ আইটেম ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৪/২৪ ৩:১৪ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে “Procurement of Crockeries item for divisional use of Store Division” শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হয়েছে। বর্তমান বাজার দরের (সংযুক্তি-২) ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৮২৪.৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) মাত্র টাকা। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার খোক বরাদ্দ (সংযুক্তি-১ এর ক্রমিক নং-৫০, প্যাকেজ-এফ) এর আওতায় বাস্তবায়ন করা হবে। উক্ত কাজের ব্যয়ভার অফিস রক্ষণাবেক্ষণ (কোড ০১-০২-০১২) হতে নির্বাহ করা হবে। DoFP অনুযায়ী বর্ষিত কাজের অনুমোদনকারী প্রধান প্রকৌশলী মহোদয়। কাজটি অতীব জরুরী ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা হবে। উক্ত টাকা অস্থায়ী অগ্রীম হিসেবে গ্রহন করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। সংযুক্তি-১ অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। সংযুক্তি-২ আলোচ্য কাজের মালামালের বাজার দরের স্বপক্ষে প্রাপ্ত কোটেশন।
- ৩। সংযুক্তি-৩ আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৪/২৪ ৩:১৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি নগদে ক্রয়ের লক্ষ্যে “Procurement of Crockeries item for Divisional use of Store Division” শীর্ষক কাজের প্রাক্কলিত ব্যয় বাবদ ৮২৪.৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) মাত্র টাকা সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

২৪/৪/২৪ ৩:২১ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	২৪/৪/২৪ ৩:৫০ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২৫/৪/২৪ ১২:০৫ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২৫/৪/২৪ ১২:০৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
--	---	---	--

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/৪/২৪ ১২:৩৬ পূর্বাহ্ন

Okay

২৭/৪/২৪ ১২:৩৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৮/৪/২৪ ১২:২১ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২৮/৪/২৪ ২:১৫ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৩০/৪/২৪ ২:৫৯ অপরাহ্ন মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ
--	---	---	--

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা